তার হাতে ছিল হাসির ফুলের হার   কত রঙে রঙ-করা।
মোর সাথে ছিল দুখের ফলের ভার   অশ্রুর রসে ভরা॥
সহসা আসিল, কহিল সে সুন্দরী   'এসো-না বদল করি'।
মুখপানে তার চাহিলাম, মরি মরি,   নিদয়া সে মনোহরা॥
সে লইল মোর ভরা বাদলের ডালা,   চাহিল সকৌতুকে।
আমি লয়ে তার নব ফাগুনের মালা   তুলিয়া ধরিনু বুকে।
'মোর হল জয়' যেতে যেতে কয় হেসে,   দূরে চলে গেল ত্বরা।
সন্ধ্যায় দেখি তপ্ত দিনের শেষে   ফুলগুলি সব ঝরা॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Desh-Malhar

Visit www.geetabitan.com for notation and other detail